ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক

# রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

রাজশাহী-৬২০৪, বাংলাদেশ।
(টেলিফোন: +৮৮-০২৫৮৮৮-৬৬৭৯৮, ফ্যাক্স-:+৮৮-০২৫৮৮৮-৬৭১০৫)
E-mail: registrar@ruet.ac.bd, website: www.ruet.ac.bd

স্মারক নং- ৪৪৮৩

তারিখ: ০৯ বৈশাখ, ১৪৩৩
২২ এপ্রিল, ২০২৬

## ১ম বর্ষ স্নাতক কোর্সে (শিক্ষাবর্ষ ২০২৫-২০২৬) ৫ম পর্যায়ে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) ১ম বর্ষ স্নাতক (শিক্ষাবর্ষ ২০২৫-২০২৬) কোর্সের ভর্তি পরীক্ষা গত ২২/০১/২০২৬ খ্রি. অনুষ্ঠিত হয় এবং উক্ত পরীক্ষার ফলাফল মোতাবেক মেধানুসারে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ পর্যায়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হয়। তবে আসন খালি থাকায় নিম্নলিখিত সময়সূচী মোতাবেক ইতোপূর্বে প্রকাশিত ফলাফল অনুসারে মেধানুযায়ী (সারণি ১ মোতাবেক) ৫ম পর্যায়ে প্রার্থীদের ভর্তি করা হবে।

| | **প্রকৌশল বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ** |
|---|---|
| মেধা তালিকা (সারণি ১) | i) মেধাক্রম ৪৮০১--৪৮১৮<br>ii) মেধাক্রম ৪৮১৯--৪৯৯০<br>[আসন খালি থাকা সাপেক্ষে] |

উল্লেখ্য যে, নিম্নবর্ণিত প্রার্থীকে ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজ-পত্র জমা প্রদানকরত: আগামী ২৭/০৪/২০২৬ খ্রি. মধ্যে নির্ধারিত ভর্তি ফি ১৮৫০০/- (আঠারো হাজার পাঁচ শত টাকা মাত্র) রূপালী ব্যাংক পিএলসি, রুয়েট শাখায় জমা প্রদান (Online ব্যতীত) করে ভর্তি নিশ্চিতকরণের জন্য নির্দেশ প্রদান করা হলো। অন্যথায় সংশ্লিষ্ট প্রার্থী ভর্তির যোগ্যতা হারাবে।

| ভর্তি পরীক্ষার রোল নং | মেধাক্রম | প্রাপ্ত বিভাগ |
|---|---|---|
| ৬০০০৭৬ | ১৪২ | স্থাপত্য বিভাগ |

**ক) প্রার্থীদের করণীয়:**
ইতিপূর্বে যে সকল শিক্ষার্থী Choice Form পূরণ করেনি, তাদেরকে ভর্তির দিন Choice Form পূরণ করার সুযোগ দেয়া হবে।

**খ) ৫ম পর্যায়ে ভর্তির জন্য বিবেচিত প্রার্থীদের স্ব-শরীরে নিরীক্ষা বোর্ডের নিকট উপস্থিত হওয়ার সময়সূচী:**

| | **প্রকৌশল বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ** | **তারিখ, সময় ও স্থান** |
|---|---|---|
| মেধা তালিকা (সারণি ১) | i) মেধাক্রম ৪৮০১--৪৮১৮<br>ii) মেধাক্রম ৪৮১৯--৪৯৯০<br>[আসন খালি থাকা সাপেক্ষে] | ০৩/০৫/২০২৬ খ্রি. রবিবার, সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত।<br>স্থান: রুয়েট গেষ্ট হাউজ |

যাচাই-বাছাই কমিটি দ্বারা প্রার্থীদের সনদপত্রাদি যাচাইপূর্বক জমাদানের পর ঐ দিনই স্বাস্থ্য পরীক্ষা করা হবে। পরের দিন অর্থাৎ ০৪/০৫/২০২৬ খ্রি. সোমবার সকাল ১০.০০ ঘটিকায় প্রাপ্ত বিভাগ দেখে ভর্তির জন্য নির্ধারিত ফি ১৮৫০০/- (আঠারো হাজার পাঁচ শত টাকা মাত্র) রূপালী ব্যাংক পিএলসি, রুয়েট শাখায় দুপুর ২.০০ ঘটিকার মধ্যে জমা প্রদান করে ভর্তি নিশ্চিত করতে হবে। তবে কোন প্রার্থী ভর্তির দিন ভর্তি কার্যক্রম সমাপ্ত করে একই দিনে ভর্তির জন্য নির্ধারিত ফি উল্লেখিত ব্যাংকে জমা দিতে পারবে।

**গ) ভর্তির সময় প্রার্থীকে যে সমস্ত সনদপত্রাদি যাচাই-বাছাই কমিটির নিকট দাখিল করতে হবে**

১। মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল সনদপত্র।
২। মাধ্যমিক বা সমমানের পরীক্ষার গ্রেডশীট এর মূলকপি।
৩। শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড।
৪। উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার গ্রেডশিট এর মূলকপি।
৫। সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার প্রশংসাপত্রের মূলকপি।
৬। সদ্য স্টুডিওতে তোলা (অনধিক ০৩ মাস) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (সত্যায়ন ব্যতিত)।
৭। স্বাক্ষর সম্বলিত রুয়েট এর লিখিত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।

**ঘ) স্বাস্থ্য পরীক্ষা:**

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) এর স্বাস্থ্য কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত চিকিৎসা বোর্ড ভর্তির জন্য বিবেচিত সকল প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা করবেন। স্বাস্থ্য পরীক্ষায় যদি হৃদরোগ, দৃষ্টি কিংবা শ্রবণ শক্তির ত্রুটি অথবা কোন প্রকারের শারীরিক বা মানসিক অক্ষমতা ধরা পড়ে, যার ফলে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন অথবা পেশাগত কার্য নির্বাহ প্রার্থীর পক্ষে অসুবিধা হতে পারে বলে ভর্তি কমিটির নিকট প্রতীয়মান হয়, তাহলে তাকে ভর্তির অনুপযুক্ত বলে গণ্য করা হবে। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের ভর্তির দিনে প্রতিষ্ঠিত ডায়াগনষ্টিক সেন্টার থেকে "Blood Group Test" এর রিপোর্ট নিয়ে আসতে হবে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক গঠিত চিকিৎসা বোর্ডের নিকট জমা দিতে হবে। প্রয়োজনবোধে চিকিৎসা বোর্ডের সিদ্ধান্ত অনুযায়া প্রয়োজনীয় মেডিকেল টেষ্ট রিপোর্ট যথাসময়ে দাখিল করতে হবে এবং সংশ্লিষ্ট চিকিৎসা বোর্ডের নির্দেশনা মোতাবেক জমা দিতে হবে। মেডিকেল টেষ্টের দিন চশমা ব্যবহারকারী ছাত্র-ছাত্রীদের অবশ্যই চশমা সঙ্গে আনতে হবে। ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (https://admission.ruet.ac.bd/) থেকে স্বাস্থ্য পরীক্ষার জন্য নির্ধারিত ফরম ডাউনলোড করা যেতে পারে।

**ঙ) ভর্তি সম্পর্কিত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাবলী:**

- প্রার্থী ভর্তির নির্ধারিত দিনে উপস্থিত না হলে ভর্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবে না।
- ভর্তিকৃত ছাত্র-ছাত্রী নিজে উপস্থিত থেকে ভর্তি বাতিলের আবেদন করতে পারবে। অভিভাবক বা অন্য কারো মাধ্যমে ভর্তি বাতিলের সুযোগ নেই।
- ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর প্রদত্ত কোন তথ্য পরবর্তীতে ভুল প্রমাণিত হলে ভর্তি এবং ছাত্রত্ব বাতিল হবে।
- ৫ম পর্যায়ে ভর্তির পর ভর্তিকৃত প্রার্থীর প্রাপ্ত বিভাগ ও মোট শূন্য আসন সংখ্যা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং তদনুযায়ী পরবর্তী ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা ০৫/০৫/২০২৬ খ্রি. এর মধ্যে ভর্তি পরীক্ষার ওয়েব সাইটে (https://admission.ruet.ac.bd/) দেয়া হবে।
- আসন খালি থাকা সাপেক্ষে ওরিয়েন্টশনের দিন পর্যন্ত ভর্তি প্রক্রিয়া চলমান থাকবে। ভর্তি বাতিলজনিত কারণে কোন আসন শূন্য হলে প্রার্থীর মেধাস্থান ও পছন্দক্রম অনুসারে Auto Migration চলবে। তবে Auto Migration বন্ধ করতে চাইলে ০৪/০৫/২০২৬ খ্রি. দুপুর ২.০০ ঘটিকার মধ্যে প্রার্থীর Dashboard এ লগইন করে Auto Migration ফর্ম ডাউনলোড করে পূরণ করতে হবে। অতঃপর Auto Migration off বাটনে ক্লিক করে পূরণকৃত ফর্মটি আপলোড করে Submit বাটনে ক্লিক করতে হবে। উল্লেখ্য যে, একবার Auto Migration বন্ধ করলে তা আর চালু করা যাবে না।
- প্রার্থীর মেধাস্থান ও পছন্দক্রম অনুসারে সর্বশেষ Auto Migration সম্পন্ন হওয়ার পর প্রাপ্ত বিভাগেই ক্লাস শুরু করতে হবে।
- ভর্তিকৃত কোন প্রার্থীর ভর্তি বাতিল করতে হলে, ভর্তি বাতিলের নিয়মাবলী মেনে ওরিয়েন্টেশনের ০৩ (তিন) দিন পূর্ব পর্যন্ত ভর্তি বাতিল করতে পারবে। ক্লাস শুরুর পর ভর্তি বাতিল করতে হলে বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়া করতে হবে।
- অনিবার্য কারণবশত: ভর্তির তারিখ পরিবর্তন করা হলে, তা ভর্তি পরীক্ষার ওয়েবসাইট এর মাধ্যমে প্রকাশ করা হবে।
- ভর্তি সংক্রান্ত বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**গুরুত্বপূর্ণ তারিখসমূহ**

| | | |
|---|---|---|
| ১। | সম্ভাব্য ওরিয়েন্টশন | ০৯/০৫/২০২৬ খ্রি. |
| ২। | সম্ভাব্য ক্লাশ শুরু | ১০/০৫/২০২৬ খ্রি. |

(প্রফেসর ড. মো. নুরুল ইসলাম)
সভাপতি, ১ম বর্ষ স্নাতক ভর্তি পরীক্ষা (শিক্ষাবর্ষ ২০২৫-২০২৬) কমিটি
ও
ডিন, যন্ত্রকৌশল অনুষদ
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং- ৪৪৮৩/৩০

তারিখ: ০৯ বৈশাখ, ১৪৩৩ / ২২ এপ্রিল, ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান:

১। সকল ডিন/ইন্সটিটিউট পরিচালক/বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।

২। আইসিটি সেল, অত্র বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

৩। সংরক্ষণ নথি।

৪। নথি।

22.04.2026

(আরিফ আহম্মদ চৌধুরী)
রেজিষ্ট্রার (ভারপ্রাপ্ত)
ও
সদস্য-সচিব, ১ম বর্ষ স্নাতক ভর্তি পরীক্ষা (শিক্ষাবর্ষ ২০২৫-২০২৬) কমিটি
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
মোবাইল নম্বর: ০১৭১১৪০৩৯৮৭